

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 18-11-24

Desk in Charge :

Time : 7.35 AM

Compiling :

Opening Announcement-

আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর –

১/ আদিবাসী সমাজের উন্নয়নে প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনায় আজ বৈঠকে বসছে রাজ্য সরকার।

২/ রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করতে রাজ্য সরকার বন্ধ বা লোকসানে চলা কারখানাগুলিকে অন্য কাজে ব্যবহার করার অনুমতি দেবে।

৩/ রেশনের বকেয়া ১২ হাজার কোটি টাকার ও বেশী চেয়ে কেন্দ্রীয় খাদ্য মন্ত্রককে চিঠি দিয়েছে রাজ্য।

৪/ RG Kar ইস্যুতে আজ স্বাস্থ্য ভবন অভিযান করবে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের তিনটি সংগঠন।

৫/ কলকাতা পুরসভার বোরো চেয়ারম্যান সুশান্ত ঘোষকে হত্যার চেষ্টায় মূল অভিযুক্তের ১৩ দিনের পুলিশ হেফাজত।

৬/ মধ্য কলকাতার এন্টালিতে পরিত্যক্ত কারখানার একাংশ ভেঙে পড়লে, দুই নিরাপত্তা রক্ষী প্রাণ হারিয়েছেন।

আদিবাসী সমাজের উন্নয়নে গৃহীত প্রকল্পগুলির অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৈঠক ডেকেছেন। আজ বিকেল সাড়ে চারটেয় নবান্ন সভাঘরে আদিবাসী উপদেষ্টা কমিটির সঙ্গে এই বৈঠকে মুখ্যমন্ত্রী ছাড়াও মন্ত্রী বীরবাহা হাঁসদা এবং দপ্তরের অন্য আধিকারিকরা উপস্থিত থাকবেন। চলতি প্রকল্পগুলি ছাড়াও আর কোন্ কোন্ প্রকল্পের প্রয়োজনীয়তা রয়েছে, কিভাবে আদিবাসী সমাজের আরও উন্নয়ন করা সম্ভব তা পর্যালোচনা করা হবে এই বৈঠকে। আদিবাসী সমাজের বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরাও সেখানে উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করতে বন্ধ বা লোকসানে চলা কারখানা ভবনগুলিকে অন্য কাজে ব্যবহার করার অনুমতি দিতে চায় রাজ্য সরকার। এজন্য প্রচলিত আইন পরিবর্তন করারও পরিকল্পনা নেওয়া হয়েছে। বর্তমান আইনে কারখানার ভবনগুলিকে শুধুমাত্র শিল্পের কাজেই ব্যবহার করা যায়। ফলে কোনও কারণে কারখানা বন্ধ হয়ে গেলে সেই ভবন হানা বাড়ির চেহারা নেয়। সারা রাজ্যে এরকম কয়েক লক্ষ সরকারিভাবে চিহ্নিত ইন্ডাস্ট্রিয়াল বিল্ডিং বা কারখানা ভবন রয়েছে। এইসব সম্পত্তি যাতে অন্য কোনও বাণিজ্যিক কাজে ব্যবহার করা যায় তার জন্য খুব শীঘ্রই আইনে পরিবর্তন আনা হচ্ছে বলে নগর উন্নয়ন দপ্তর সূত্রে খবর।

রেশনের জন্য বকেয়া ১২ হাজার ৭১৪ কোটি টাকা চেয়ে রাজ্য সরকার, কেন্দ্রীয় খাদ্য মন্ত্রককে আরও এক দফা চিঠি দিয়েছে। বকেয়া টাকা মিটিয়ে দেওয়ার আর্জি জানিয়ে রাজ্য খাদ্য দফতরের বিশেষ সচিব, কেন্দ্রীয় খাদ্য ও উপভোক্তা মন্ত্রকের গণবন্টন বিভাগের যুগ্ম অধিকর্তাকে চিঠি পাঠিয়েছেন। রেশন ব্যবস্থা সুষ্ঠুভাবে চালানোর জন্য ওই টাকা প্রয়োজন বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

RG Kar ইস্যুতে আজ স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দিয়েছে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের তিনটি সংগঠন। মেডিক্যাল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টরস ফোরাম এবং নার্সেস ইউনিটি- এই তিন সংগঠনের तरফে আজ বিক্ষোভ কর্মসূচী পালিত হবে। মেডিক্যাল সার্ভিস সেন্টার-এর পক্ষে রাজ্য সম্পাদক ডক্টর বিপ্লব চন্দ্র এক বিবৃতিতে বলেন, মেডিক্যাল কলেজগুলিতে দুর্নীতি, হুমকি সংস্কৃতি ও দুর্বৃত্তায়নের চরম ফলশ্রুতি হল অভয়ার হত্যাকাণ্ড। এরপরেও গ্রেট কালচারের মাথাদের বাঁচাতে ব্যস্ত রাজ্য সরকার।

ডক্টরস ফ্রন্টের तरফে চিকিৎসকদের একটি দল আজ CGO কমপ্লেক্সে ডেপুটেশন জমা দেবে। দ্রুত ন্যায় বিচার ও সঠিক অপরাধীদের চিহ্নিত করার দাবীও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার কাছে জানানো হবে।

এদিকে, চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনের মামলায় শিয়ালদা আদালতে সাক্ষ্যগ্রহণ চলেছে। ৯ই আগস্ট ওই ছাত্রীর সুরতহালে থাকা একাধিক সাক্ষীর স্বাক্ষর, আজ নেওয়া হবে বলে সূত্রের খবর।

RG Kar-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ১০০ দিন পার হলেও, এখনো বিচার না মেলায়, গতকাল আবারো পথে নামে ‘অভয়া মঞ্চ’। মঞ্চের ডাকে সোদপুর থেকে শ্যামবাজার পর্যন্ত মশাল সাইকেল র‍্যালি শুরু হয়। মশাল জ্বালিয়ে কর্মসূচীর সূচনা করেন অভয়ার পরিবারের লোকজন। ১০০ জন সাইকেল আরোহী মশাল হাতে শ্যামবাজারে পৌঁছন।

কসবায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলর সুশান্ত ঘোষকে খুনের চেপ্টার নেপথ্যে অনেকে জড়িত বলে পুলিশ দাবি করেছে। তদন্ত চালানো হতে পারে বিহারে গিয়েও। তদন্তের স্বার্থে কসবাকাণ্ডের ‘মূল ষড়যন্ত্রকারী’ আফরোজ খান ওরফে গুলজার ওরফে ইকবালকে হেফাজতে রেখে আরও জেরার প্রয়োজন আছে বলে গতকাল আদালতে সওয়াল করেন পুলিশের আইনজীবী। সেই আবেদন মেনে বিচারক অভিযুক্তকে ১৩ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, এই ঘটনায় গ্রেপ্তার যুবরাজ সিং এবং আহমেদকে আদালতে তোলা হলে ২৯শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত হয়।

শহর কলকাতা দুষ্কৃতিদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে বলে অভিযোগ করেছেন বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

তিনি গতকাল দক্ষিণ ২৪ পরগণায় দলের সদস্য সংগ্রহ অভিযানে অংশ নিয়ে কসবায় কাউন্সিলারের ওপর হামলায় ঘটনায় রাজ্য সরকারের ভূমিকার তীব্র সমালোচনা করেন।

(বাইট- সুকান্ত মজুমদার)

কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য অধীর রঞ্জন চৌধুরী বলেন, দুষ্কৃতিরা গোটা রাজ্যটাই দখল করে নিয়েছে।

(বাইট- অধীর চৌধুরী)

সুশান্ত ঘোষকে গুলি করার চেষ্টার ঘটনা প্রসঙ্গে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, বিরোধী পক্ষ রাজ্যের সমালোচনা করার জন্যেই এধরণের ষড়যন্ত্র করছে।

অপরাধী বাইরে থেকে এ'রাজ্যে এসে গুলি চালাবে, এটা মেনে নেওয়া যায় না।

মধ্য কলকাতার এন্টালিতে গতরাতে একটি পরিত্যক্ত কারখানার একাংশ ভেঙে পড়লে, দুই নিরাপত্তা রক্ষী প্রাণ হারিয়েছেন। পুরোনো অ্যাসিড কারখানার একটি অংশে নিরাপত্তা রক্ষীর একটি পরিবার বাস করত। রাত ১০ টা নাগাদ হঠাতই সেই অংশটি ভেঙে পড়ে। ধংসস্তূপ সরিয়ে সাজিদুল রহমান এবং তাঁর ভাই মুজিবুর রহমানের দেহ উদ্ধার হয়।

রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম ঘটনাস্থলে ছুটে যান। কারখানাটি অনেকদিন আগেই 'বিপজ্জনক' বলে ঘোষণা করা হয়েছিল বলে তিনি উল্লেখ করেন।

বীরভূমের বোলপুর থানার অন্তর্গত বাহিরী পাচশোয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় অনুব্রত মন্ডলের অনুগামী এক তৃণমূল কংগ্রেস কর্মীকে বেধড়ক মারধোরের অভিযোগ উঠেছে কাজল শেখের অনুগামীদের বিরুদ্ধে। গত শনিবার কোর কমিটির বৈঠকে দুই নেতাই একসঙ্গে কাজ করার কথা বললেও, বৈঠকের পরই বাহিরী গ্রাম পঞ্চায়েতে তৃণমূল কর্মী সুজয় থান্ডারকে বেধড়ক মারধোর করা হয়। তাঁকে চিকিৎসার জন্য বোলপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

ছাত্রীর ওপর যৌন নির্যাতন চালানোর অভিযোগে পূর্ব বর্ধমানের এক গৃহ শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। জানা গেছে, পড়ানোর অছিলায় অভিযুক্ত ছাত্রীটির স্ত্রীলতাহানি করে সে।

তার বিরুদ্ধে পকসো আইনের ৬'নম্বর ধারায় মামলা রুজু করা হয়েছে।

গতকাল ওই শিক্ষককে বর্ধমান CJM আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে।

পশ্চিম মেদিনীপুরের ঘাটালের আলুই এলাকাতে হাতিয়ার সহ বেশ কয়েকজন দুষ্কৃতীকে পুলিশ গ্রেপ্তার করেছে। কলকাতা পুলিশের STF-এর কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে বিশেষ অভিযান চালানো হয়। মোট ১৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

উদ্ধার হয়েছে ৩'টি আগ্নেয়াস্ত্র, ১০ রাউন্ড কার্তুজ, গ্যাস কাটার এবং ছুরি।

এরা ডাকাতির উদ্দেশ্যে জরো হয়েছিল বলে জানা গেছে। পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার ধৃতিমান সরকার জানিয়েছেন যে, ধৃতরা অধিকাংশই বিহারের বাসিন্দা।

সল্টলেকের নিউ টাউনে আজ ভোররাতে অগ্নিকাণ্ডে বেশ কয়েকটি বুপড়ি দোকান পুড়ে গেছে। দমকলের তিনটি ইঞ্জিন কয়েকঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। সাতটি বুপড়ি দোকান পুড়ে গেছে। হতাহতের খবর নেই।

নদীয়ার শান্তিপুর্বে রাস উৎসবের আজ সমাপ্তি। আজ হবে কুঞ্জভঙ্গ।

(একটি প্রতিবেদন- ভিসি অনুপম)

রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রা কিছুটা কমবে, বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানান, এই সময় বৃষ্টির সম্ভাবনা নেই।

(বাইট- সৌরিশ)

সকাল ও সন্ধ্যায় অফিসের ব্যস্ত সময়ে যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আগামীকাল থেকে হাওড়া ময়দান ও ধর্মতলার মধ্যে আরও বেশি ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আজ থেকে সপ্তাহে ছ-দিন এই করিডরে আপ ও ডাউন লাইনে, হাওড়া ময়দান ও এসপ্ল্যান্ডের মধ্যে ৮২টি এবং হাওড়া ময়দান ও মহাকরণ স্টেশনের মধ্যে ৬৮টি ট্রেন চলাচল করবে বলে মেট্রোর তরফে জানানো হয়েছে। এর ফলে ২৪ মিনিটের পরিবর্তে ২০ মিনিট অন্তর ট্রেন পাওয়া যাবে।

কল্যাণী স্টেডিয়ামে জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে বাংলা আজ উত্তরপ্রদেশের বিরুদ্ধে খেলবে। চার-শূণ্য গোলে ঝাড়খণ্ডকে হারিয়ে বাংলা এবারের সন্তোষ ট্রফি অভিযান শুরু করেছিল।

বুধবার বাংলা গ্রুপে তাদের শেষ ম্যাচে বিহারের বিরুদ্ধে খেলবে।
